

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৪(বাজেট)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
www.lrb.gov.bd

স্মারক নং- ৩১.০২.০০০০.০১৪.০১.০৩৭.১৯.৭৭৯

তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৬
১৪ জুলাই ২০১৯

বিষয়ঃ জেলা প্রশাসক, গাইবান্ধা কর্তৃক ২১-০৫-২০১৯ খ্রিঃ তারিখ পলাশবাড়ী উপজেলা ভূমি অফিস ও পলাশবাড়ী উপজেলাধীন মাঠেরহাট ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন প্রতিবেদনের উপর কার্যক্রম গ্রহণ প্রসংগে।


সূত্রঃ (ক) জেলা প্রশাসক গাইবান্ধা এর স্মারক নং-০৫.৫৫.৩২০০.০১০.১৬.০০৮.১৯.১৭২ (৮), তাং-২২/০৫/২০১৯ খ্রিঃ।
(খ) জেলা প্রশাসক গাইবান্ধা এর স্মারক নং-০৫.৫৫.৩২০০.০১০.১৬.০০৮.১৮.১৭৩ (৯), তাং-২২/০৫/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, গাইবান্ধা কর্তৃক ২১-০৫-২০১৯ খ্রিঃ তারিখে পলাশবাড়ী উপজেলা ভূমি অফিস ও পলাশবাড়ী উপজেলাধীন মাঠেরহাট ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনের উপর ভূমি সংস্কার বোর্ডের পর্যবেক্ষণের আলোকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়।

- (১) জেলা প্রশাসক, গাইবান্ধা প্রমাপ মতে পরিদর্শন করে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করবেন।
- (২) উল্লিখিত পরিদর্শনের আলোকে কি ব্যবস্থা নেয়া হয়েছে ও বক্ষমান জবাব পাওয়া গেছে কি-না জেলা প্রশাসক গাইবান্ধা, তা অবহিত করবেন।
- (৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাইবান্ধা প্রমাপ মতে পরিদর্শন সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ করবেন।

এমতাবস্থায়, পরিদর্শন প্রতিবেদন পর্যবেক্ষণের আলোকে বর্ণিত নির্দেশনাসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
গাইবান্ধা।


শাবাবান তাহুরা (উপসচিব)
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোনঃ ০২৯৫৮৭৩২২
alrc4@lrb.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে -

- ১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৪। সচিব এর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), পলাশবাড়ী, গাইবান্ধা।
- ৮। প্রশাসনিক কর্মকর্তা, আইটি সেল, ভূমি সংস্কার বোর্ড (পত্রটি ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সংশ্লিষ্ট নথি।